"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর।**

(স্থানীয় সরকার শাখা)

www.rangpur.gov.bd

নম্বর : ০৫.৫৫.৮৫০০.০১১.০৫.০৩৯.২৩.৯০২

তারিখ : ০৩ কার্তিক ১৪৩০ / ১৯ অক্টোবর ২০২৩

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের ইউনিয়ন পরিষদ-২ শাখার ১১/০৯/২০২৩ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০১৮.১১.০০২.১৭.৬৭ নং স্মারকে জারীকৃত ছাড়পত্রের প্রেক্ষিতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে রংপুর জেলার ইউনিয়ন পরিষদ সচিব এর শূন্যপদ পূরণ এবং পরবর্তী ০১ (এক) বছরের মধ্যে কোন পদ শূন্য হলে তা পূরণে প্যানেল তৈরীর লক্ষ্যে রংপুর জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নলিখিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| পদের নাম | শূন্যপদের সংখ্যা | জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী বেতন | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| ইউনিয়ন পরিষদ সচিব | ০২ (দুই)টি | ১০২০০-২৪৬৮০/- টাকা তৎসহ বিধি মোতাবেক অন্যান্য ভাতাদি (ইউনিয়ন পরিষদ কর্তৃক ২৫% এবং সরকার কর্তৃক ৭৫% বেতন প্রাপ্য হবে) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী |

**শর্তাবলী :**

১. প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক এবং রংপুর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২. রংপুর জেলা ওয়েব সাইট (www.rangpur.gov.bd) এর নোটিশ বোর্ডে প্রদত্ত নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।

৩. নির্ধারিত আবেদন ফরমটি কম্পিউটার কম্পোজ বা স্বহস্তে পূরণ করে আবেদন ফরমের নির্ধারিত স্থানে তারিখসহ প্রার্থীকে স্বাক্ষর প্রদান করতে হবে।

৪. আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে :
(ক) আবেদনপত্রের নির্ধারিত স্থানে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি ৫×৫ সে:মি: আকারের ছবি।
(খ) জেলা প্রশাসক, রংপুর এর অনুকূলে সোনালী ব্যাংক লিমিটেড, কাচারী বাজার শাখা, রংপুর এর হিসাব নম্বর ৫০০৮৮৩৩০০০১৬৬-এ ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) জমাপূর্বক আবেদনপত্রের সাথে কস্ট মেমো এর মূল কপি সংযুক্ত করতে হবে।
(গ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে প্রার্থীর নাম ঠিকানা উল্লেখপূর্বক ১০ (দশ) টাকার অব্যবহৃত ডাকটিকিট যুক্ত করে একটি ১০×৪ ইঞ্চি ফেরত খাম আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

৫. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রাদির মূল কপি উপস্থাপন করতে হবে :
(ক) সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ;
(খ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণক স্বরূপ সকল মূল/সাময়িক সনদপত্র;
(গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
(ঙ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি-নাতনির জাতীয় পরিচয়পত্র অথবা সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জন্ম নিবন্ধন সনদ, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি-নাতনি হিসেবে চাকরি প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা/প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্র অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কর্তৃক স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে। এরূপ সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদ হিসেবে গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য যে, আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি-নাতনি হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার নাতি-নাতনি এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক সনদপত্র/প্রত্যয়নপত্র দেখাতে হবে;
(চ) শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক কর্তৃক প্রদত্ত সনদপত্র;
(ছ) এতিম প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক কর্তৃক প্রদত্ত সনদপত্র অথবা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত প্রতিষ্ঠানের প্রত্যয়ন/সনদপত্র;
(জ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র;
(ঝ) আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।

৬. প্রার্থীর বয়সসীমা ২৩/১০/২০২৩ খ্রি. তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৭. দরখাস্ত জেলা প্রশাসক ও সভাপতি, জেলা বাছাই কমিটি, রংপুরকে সম্বোধন করে লিখতে হবে।

৮. আগামী ২৩/১১/২০২৩ খ্রি. তারিখের মধ্যে আবেদনপত্র ডাকযোগে নিম্নস্বাক্ষরকারীর অফিসে পৌছাতে হবে। সরাসরি আবেদনপত্র গ্রহণযোগ্য নয়।

৯. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১০. সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারীকে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা হতে হবে এবং কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবিসহ সীল থাকতে হবে।

১১. চাকুরীরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন দাখিল করতে হবে। আবেদনপত্রের অগ্রিম কপি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

১২. কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

১৩. আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪. খামের উপরে মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) ও বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা উল্লেখ করতে হবে।

১৫. নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৬. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৭. কোন তথ্য গোপন করে অথবা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষ দায়ী হবে না। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৯/১০/২৩

(মোহাম্মদ মোবাশ্বের হাসান)
জেলা প্রশাসক, রংপুর
ও
সভাপতি
ইউনিয়ন পরিষদ সচিব নিয়োগ সংক্রান্ত
বাছাই কমিটি।
ফোন : ০২৫৮৯৯৬১০৪১ (অফিস)

রই-১৮৫-৪৪১/২৩ (১৩"×৪)